দৈনিক ইনকিলাব

তারিখ ...
পৃষ্ঠা ... কলাম ...

# সাভারে বিভিন্ন মাদ্রাসায় মুখোশধারী সন্ত্রাসীদের দফায় দফায় হামলা

**সাভার থেকে আখতার হামিদ খান ॥** মুখোশধারী সশস্ত্র সন্ত্রাসীদের দফায় দফায় হামলার শিকার হচ্ছে সাভারের দুটো মাদ্রাসার আবাসিক ছাত্ররা। সন্ত্রাসীরা দুটো মাদ্রাসায় কয়েকবার হামলা চালিয়ে নগদ টাকা ও খাদ্য সামগ্রী লুট করে নিয়ে গেছে। গুলী চালিয়ে আহত করেছে তিনজনকে। গত ২৭ মার্চ সর্বশেষ হামলার শিকার হয় সাভার উপজেলার হেমায়েতপুর (সাদুরচর) এলাকার জামিয়া ছিদ্দিকীয়া ও ইসলামিয়া এতিমখানার আবাসিক ছাত্ররা। সরেজমিনে মাদ্রাসার ছাত্র. শিক্ষক ও এলাকাবাসীর সাথে কথা বলে জানা যায়, গত ২৭ মার্চ রাত আনুমানিক ২টার দিকে জাঙ্গিয়া ও মুখোশ পরিহিত একদল অস্ত্রধারী সন্ত্রাসী অতর্কিতে মাদ্রাসায় হামলা চালায়। সন্ত্রাসীরা মাদ্রাসার দরজা ভাঙ্গার চেষ্টা করে। ছাত্ররা তাদেরকে প্রতিরোধের চেষ্টা ও চিৎকার করলে এলাকাবাসী ছুটে আসে। এলাকাবাসীর প্রতিবাদের মুখে সন্ত্রাসীরা এলোপাতাড়ি গুলীবর্ষণ করতে করতে পালিয়ে যায়। সে সময় সন্ত্রাসীদের গুলীতে আহত হয় মাদ্রাসার শিক্ষক হাফেজ শফিকুল ইসলাম, ছাত্র আল-আমিন (১৩) এবং এলাকাবাসী শফিকুর রহমান। এছাড়াও গত ২৮ মার্চ হেমায়েতপুরস্থ মসজিদে বায়তুল হাবিব ও জামিয়া হোসেনিয়া দারুল উলুম মাত্রাসায় সশস্ত্র সন্ত্রাসীরা হামলা চালায়। কিন্তু ছাত্র-শিক্ষকদের চিৎকারে এলাকাবাসী এগিয়ে আসলে সন্ত্রাসীরা পালিয়ে যায়।